

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১১৭৩

১২/ শিশুদের দুগ্ধপান (كتاب الرضاع)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ مُجَالِدٍ، عَنْ الشَّعْبِيِّ، عَنْ جَابِرٍ، عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " لَا تَلْجُوا عَلَى الْمُغِيبَاتِ فَإِنَّ الشَّيْطَانَ يَجْرِي مِنْ أَحَدِكُمْ مَجْرَى الدَّمِ " . قُلْنَا وَمِنْكَ قَالَ " وَمِنِّي وَلَكِنَّ اللَّهَ أَعَانَنِي عَلَيْهِ فَأَسْلَمُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ تَكَلَّمَ بَعْضُهُمْ فِي مُجَالِدِ بْنِ سَعِيدٍ مِنْ قَبْلِ حِفْظِهِ . وَسَمِعْتُ عَلِيَّ بْنَ خَشْرَمٍ يَقُولُ قَالَ سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ فِي تَفْسِيرِ قَوْلِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " وَلَكِنَّ اللَّهَ أَعَانَنِي عَلَيْهِ فَأَسْلَمُ " . يَعْنِي أَسْلَمَ أَنَا مِنْهُ . قَالَ سُفْيَانُ وَالشَّيْطَانُ لَا يُسْلَمُ . وَ" لَا تَلْجُوا عَلَى الْمُغِيبَاتِ " وَالْمُغِيبَةُ الْمَرْأَةُ الَّتِي يَكُونُ زَوْجُهَا غَائِبًا وَالْمُغِيبَاتُ جَمَاعَةُ الْمُغِيبَةِ .

বাংলা

১১৭৩. নাসর ইবনু আলী (রহঃ) জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, স্বামী অনুপস্থিত স্ত্রীর কাছে তোমরা প্রবেশ করোনা। কেননা, শয়তান তোমাদের রক্ত স্রোতে চলমান রয়েছে। আমরা বললাম, আপনার মধ্যেও? তিনি বললেন, আমার মাঝেও। তবে আল্লাহ তা'আলা আমাকে তার বিরুদ্ধে সাহায্য করেছেন। ফলে সে অনুগত হয়ে গেছে। - সহিহ আবু দাউদ ১১৩৩-২১৩৪, তাখরীজু ফিকহিস সীরাহ ৬৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৭২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বললেন, এই সুত্রে বর্ণিত হাদীসটি গারীব। কেউ কেউ এই হাদীসটির রাবী মুজালিদ ইবনু সাঈদের স্মরণ শক্তির সম্পর্কে সমালোচনা করেছেন। আলী ইবনু খাশরাম (রহঃ)-কে বলতে শুনেছি যে, সুফইয়ান ইবনু উয়ায়না (রহঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী عَلَيْهِ فَأَسْلَمُ এর ব্যাখ্যায় বলেছেনঃ তবে আল্লাহ আমাকে শয়তানের বিরুদ্ধে সাহায্য করেছেন ফলে আমি তার থেকে নিরাপত্তা লাভ করেছি। সুফইয়ান (রহঃ) বলেনঃ কেননা, শয়তান তো ইসলাম গ্রহণ করতে পারেনা। (সুতরাং শব্দটি فَأَسْلَمُ সে ইসলাম গ্রহণ করেছে- এর স্থলে হবে فَأَسْلَمُ অর্থাৎ আমি নিরাপত্তা লাভ করেছি।)

لَا تَلْجُوا عَلَى الْمُغِيبَاتِ - যে নারীর স্বামী অনুপস্থিত। الْمُغِيبَاتُ হল مُغِيبَةٌ এর বহুবচন।

English

Jabir narrated that The Prophet said:

“Do not enter upon Al-Mughibar (the women whose husband are absent), for indeed the Shaitan flows through one of you as the blood flows.” We said:

“And you?” He said: “And me, but Allah helped me over him, so I am safe.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18365>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন